

# যুগান্ত

প্রিন্ট: ০৮ মে ২০২৫, ০৮:৫৪ এএম

## শিক্ষাজ্ঞন

# মাদ্রাসা শিক্ষার মানোন্নয়নে বদ্ধপরিকর ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়: উপাচার্য



যুগান্তের প্রতিবেদন

প্রকাশ: ০৩ মে ২০২৫, ০৫:৫০ পিএম



যেকোনো মূল্যে শিক্ষার মানোন্নয়ন ও সেশনজট মুক্ত করে মাদ্রাসা শিক্ষাকে এগিয়ে নিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বন্ধপরিকর। এক্ষেত্রে পরীক্ষা কেন্দ্রে নকলমুক্ত পরিবেশ নিশ্চিত করতে পরীক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকসহ সবার সহযোগিতা কামনা করেছেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শামছুল আলম।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সারা দেশের কামিল মাদ্রাসায় শনিবার থেকে দুই বছর মেয়াদি কামিল স্নাতকোত্তর ২০২৩ সালের পরীক্ষা শুরু হয়েছে। এদিন টঙ্গীর তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসার কেন্দ্র পরিদর্শন করার সময় তিনি এসব কথা বলেন।

পরিদর্শন শেষে উপাচার্য বলেন, উপযুক্ত পরিবেশে পরীক্ষা হচ্ছে। তারপরও আমরা বিভিন্ন কেন্দ্রের দিকে নজর রাখছি যাতে কোনো রকম অনিয়ম না হয়। কেউ অসদুপায় অবলম্বন করলেই তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

এ সময় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী উপাচার্যের সঙ্গে উপস্থিত ছিলেন। অপরদিকে বিশ্ববিদ্যালয়ের উপউপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ শহীদুল ইসলাম ও উপউপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আবু জাফর খান পৃথক পৃথক কেন্দ্র পরিদর্শন করেন।

পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী বলেন, নকলমুক্ত উপযুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণের যাবতীয় প্রস্তুতি নেওয়া হয়েছে। এবারের পরীক্ষায় সারা দেশের ১৪৯ কেন্দ্রে প্রায় ৪৩ হাজার পরীক্ষার্থী অংশ নিয়েছে। সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত কামিল হাদিস, কামিল তাফসির, কামিল ফিকাহ, কামিল আদব বিষয়ে কামিল স্নাতকোত্তর পরিক্ষা অনুষ্ঠিত হবে। ২৪ মে পর্যন্ত পর্যন্ত পরীক্ষা চলবে।

